

নোবিপ্রবি/রেজি/এ-হা/নোটিশ/২০২২/ ৫০৮

তারিখ: ১৩ জানুয়ারি ২০২২

শিক্ষক ক্যান্টিন ভাড়া/ইজারা পুনঃ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্যান্টিন ভাড়া/ইজারা প্রদান করা হবে। এই প্রেক্ষিতে অগ্রহী সংশ্লিষ্ট সকল ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে নিম্নোক্ত হারে মূল্য পরিশোধ সাপেক্ষে বিশ্ববিদ্যালয় খোলার দিন এস্টেট এন্ড হাউজিং শাখা হতে নির্ধারিত সিডিউল ও নীতিমালা সংগ্রহ করে এর সংশ্লিষ্ট অংশ পূরণ ও স্বাক্ষরসহ আগামী ১৭ জানুয়ারি ২০২২ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে বন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর দফতরে রক্ষিত বক্সে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্যান্টিন ভাড়া/ইজারা সিডিউলের মূল্য ১,০০০ (এক হাজার) টাকা।

পূরণকৃত ডকুমেন্ট জমা দেওয়ার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১। ব্যক্তির জাতীয় পরিচয়পত্র/ব্যবসায়িক ট্রেড লাইসেন্স।

২। ব্যবসায়িক টিআইএন সনদ।

৩। সংশ্লিষ্ট (হোটেল/রেস্টুরেন্ট/ক্যান্টিন) কাজের অভিজ্ঞতা সনদ পৌরসভা/ইউনিয়ন পরিষদ/ হোটেল মালিক সমিতির প্যাডে প্রত্যায়ন।

৪। সংশ্লিষ্ট ক্যান্টিন পরিচালনার জন্য ব্যবহারিক উপকরণের সংখ্যাসহ তালিকা।

ক) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

খ) নির্দিষ্ট সময়ের মধ্যে যে কোনদিন অফিস চলাকালীন সময়ে ডাক/কুরিয়ার বা হাতে হাতে সিডিউল জমা দেয়া যাবে। তবে অবশ্যই নির্দিষ্ট তারিখ ও সময়ের পূর্বে পৌছাতে হবে।

গ) সিডিউল গ্রহণের সর্বশেষ তারিখ ও খোলার তারিখে সরকারী বা অন্য কোন ছুটি থাকলে পরবর্তী খোলার তারিখ সিডিউল গ্রহণের সর্বশেষ তারিখ হিসেবে বিবেচিত হবে।

ঘ) সংশ্লিষ্ট দরদাতার মধ্যে হতে কাগজপত্রাদি, উল্লেখিত দর, উপকরণের তালিকা ও অভিজ্ঞতা ইত্যাদির ভিত্তিতে মূল্যায়িত/নির্বাচিত দরদাতাকে জামানত জমা দেওয়ার জন্য আহ্বান করা হবে।

মোঃ জসীম উদ্দিন

রেজিস্ট্রার (অ.দা)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

নোবিপ্রবি/রেজি/এ-হা/নোটিশ/২০২২/ ৫০৮(০৮)

তারিখ: ১৩ জানুয়ারি ২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। পরিচালক (ভারপ্রাপ্ত), হিসাব।
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দফতর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের দফতর।
- ৫। সেকশন অফিসার, উপ-উপাচার্য মহোদয়ের দফতর।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, রেজিস্ট্রার মহোদয়ের দফতর।
- ৭। সকল নোটিশ বোর্ড, নোবিপ্রবি।
- ৮। নথি/মহানথি।

মোঃ গোলাপ হোসেন

ডেপুটি রেজিস্ট্রার

এস্টেট এন্ড হাউজিং শাখা, রেজিস্ট্রার দফতর, নোবিপ্রবি।